# জাইমা রহমানকে নিয়ে ফেসবুকে আপত্তিকর পোস্ট, যুবক আটক



ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমানের কন্যা জাইমা রহমানকে নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে আপত্তিকর মন্তব্য করার অভিযোগে মোসলেহ উদ্দিন জনি (২৩) নামে এক যুবককে আটক করেছে পুলিশ। সোমবার (২৯ জুন) বিকেলে নিজ বাড়িতে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

পুলিশ জানায়, আটক মোসলেহ উদ্দিন জনি উপজেলার ২ নম্বর রাজাপুর ইউনিয়নের জয়নারায়ণপুর মৌলভী বাড়ির বাসিন্দা। তিনি মৃত মো. মোস্তফার ছেলে।

দাগনভূঞা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফয়জুল আজিম নোমান বলেন, জাইমা রহমানকে নিয়ে একটি কুরুচিপূর্ণ ফেসবুক পোস্ট পুলিশের নজরে আসার পর বিষয়টি যাচাই করে অভিযান পরিচালনা করা হয়। এরপর সংশ্লিষ্ট ব্যক্তিকে আটক করা হয়েছে।

তিনি জানান, ঘটনার তদন্ত চলছে এবং তদন্তের ফলাফলের ভিত্তিতে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

ওসি আরও বলেন, সামাজিক যোগাযোগমাধ্যমে এমন কোনো কর্মকাণ্ড, যা আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটাতে পারে বা কারও সম্মানহানির কারণ হতে পারে, সেগুলোর ওপর পুলিশের নিয়মিত নজরদারি রয়েছে। তিনি দায়িত্বশীল ও সংযতভাবে সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারের আহ্বান জানান।

LENS ASIA